

AD-2
27/05/2024

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd



২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৬

বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সংশোধিত সময়সূচি (রুটিন) প্রেরণ।

সূত্র: এনসিটিবির পত্র নং 37.06.0000.402.71.068.02.4 তাং 07.05.2024

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের মাধ্যমে ২০২৪ শিক্ষাবর্ষের বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য সময়সূচি (রুটিন) ইতোপূর্বে প্রেরণ করা হয়েছিল। শ্রেণিত বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের সময়সূচির সাথে ২০২৪ সালের এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষার কয়েকটি বিষয়ের পরীক্ষার তারিখ ও সময় মিলে যাওয়ায় সূত্রোক্ত পত্রের মাধ্যমে শ্রেণিত ২০২৪ শিক্ষাবর্ষের বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের সময়সূচি সংশোধন করা হলো। ২০২৪ সালের এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষার সময়সূচি বিবেচনায় নিয়ে ২০২৪ শিক্ষাবর্ষের বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য সংশোধিত সময়সূচি (রুটিন) প্রস্তাব করা হলো। প্রস্তাবিত সময়সূচি (রুটিন) আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জরুরীভিত্তিতে অবহিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য বিষয়ভিত্তিক বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশনা যথা সময়ে আপনার অধিদপ্তর বরাবর পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হবে।

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সংশোধিত সময়সূচি (রুটিন)

তারিখ	বিষয় ও শ্রেণি			
	ষষ্ঠ শ্রেণি	সপ্তম শ্রেণি	অষ্টম শ্রেণি	নবম শ্রেণি
০৩.০৭.২০২৪	বাংলা	ধর্ম	জীবন ও জীবিকা	ইতিহাস ও সামাজিক বিজ্ঞান
০৬.০৭.২০২৪	ইংরেজি	শিল্প ও সংস্কৃতি	স্বাস্থ্য সুরক্ষা	ডিজিটাল প্রযুক্তি
১০.০৭.২০২৪	গণিত	বাংলা	ধর্ম	জীবন ও জীবিকা
১৩.০৭.২০২৪	বিজ্ঞান	ইংরেজি	শিল্প ও সংস্কৃতি	স্বাস্থ্য সুরক্ষা
১৫.০৭.২০২৪	ইতিহাস ও সামাজিক বিজ্ঞান	গণিত	বাংলা	ধর্ম
২০.০৭.২০২৪	ডিজিটাল প্রযুক্তি	বিজ্ঞান	ইংরেজি	শিল্প ও সংস্কৃতি
২২.০৭.২০২৪	জীবন ও জীবিকা	ইতিহাস ও সামাজিক বিজ্ঞান	গণিত	বাংলা
২৪.০৭.২০২৪	স্বাস্থ্য সুরক্ষা	ডিজিটাল প্রযুক্তি	বিজ্ঞান	ইংরেজি
২৭.০৭.২০২৪	ধর্ম	জীবন ও জীবিকা	ইতিহাস ও সামাজিক বিজ্ঞান	গণিত
৩০.০৭.২০২৪	শিল্প ও সংস্কৃতি	স্বাস্থ্য সুরক্ষা	ডিজিটাল প্রযুক্তি	বিজ্ঞান

(Signature)

২৩-০৫-২০২৪
মোসাম্মা নাজমা আখতার
সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (শ্রেণি-১), মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ২। মহাপরিচালক (শ্রেণি-১), মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;